# সুরক্ষা সেবা বিভাগের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর আওতায় দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত কার্যক্রমের প্রতিবেদন




**পরিদর্শনের স্থান:**

**কক্সবাজার জেলার মহেশখালী উপজেলায় মাতারবাড়ি তাপবিদ্যুৎ কেন্দ্র**

**পরিদর্শনকারী:**

সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তরসমূহের ইনোভেশন টিমের সদস্যবৃন্দ

## সুরক্ষা সেবা বিভাগের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর আওতায় দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শন কার্যক্রমের প্রতিবেদন

সুরক্ষা সেবা বিভাগের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২২-২০২৩ এর ২.২.৫ নং কর্মসম্পাদন সূচক (দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত) বাস্তবায়নের লক্ষ্যে ২৫ মে ২০২৩ তারিখে উদ্ভাবন কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট সুরক্ষা সেবা বিভাগ হতে ০৪ জন কর্মকর্তা এবং এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহ হতে ১১ জনসহ নিম্নলিখিত ১৫ জন কর্মকর্তার সমন্বয়ে চট্টগ্রাম বিভাগের কক্সবাজার জেলার মহেশখালী উপজেলায় মাতারবাড়ী আলট্রা সুপার ক্রিটিক্যাল কোল ফায়ার্ড পাওয়ার প্রজেক্ট পরিদর্শন করা হয়।

| ক্রম | কর্মকর্তার নাম ও পদবি | অফিসের নাম |
|---|---|---|
| ১ | জনাব মোঃ আবদুল কাদির, যুগ্মসচিব | সুরক্ষা সেবা বিভাগ |
| ২ | জনাব সেখ ফরিদ আহমেদ, উপসচিব ও সদস্য, ইনোভেশন টিম | |
| ৩ | জনাব মোঃ আমিন আল পারভেজ, উপসচিব ও সদস্য-সচিব, ইনোভেশন টিম | |
| ৪ | জনাব মোঃ আইয়ুব হোসেন, প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম | |
| ৫ | জনাব মোহাম্মদ নজরুল ইসলাম ভূঁঞা, সিস্টেম এনালিস্ট | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর |
| ৬ | জনাব মোঃ আবুল কালাম আজাদ, সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | |
| ৭ | জনাব এ. কে. এম ফজলুল হক, কারা-উপমহাপরিদর্শক ও ইনোভেশন অফিসার | কারা অধিদপ্তর |
| ৮ | জনাব মোসাঃ নাহিদা পারভীন, সহকারী কারা মহাপরিদর্শক ও সদস্য, ইনোভেশন টিম | |
| ৯ | জনাব মোঃ ফয়েজ-উর-রহমান, ডেপুটি জেলার ও সদস্য সচিব, ইনোভেশন টিম | |
| ১০ | জনাব মোঃ বজলুর রহমান, উপ পরিচালক ও সদস্য, ইনোভেশন টিম | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| ১১ | জনাব দীজেন চন্দ্র গোপ, সহকারী প্রোগ্রামার ও সদস্য, ইনোভেশন টিম | |
| ১২ | জনাব শেখ মুহাম্মদ খালেদুল করিম, সহকারী পরিচালক ও সদস্য, ইনোভেশন টিম | |
| ১৩ | জনাব এম ডি আব্দুল মালেক, সহকারী পরিচালক | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ১৪ | জনাব মোঃ হেলাল উদ্দিন খান, উপসহকারী পরিচালক ও সদস্য, ইনোভেশন টিম | |
| ১৫ | জনাব মোঃ সাইদুল ইসলাম, ওয়্যারহাউজ ইন্সপেক্টর ও সদস্য, ইনোভেশন টিম | |

**মাতারবাড়ি তাপ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন :** ২৫ মে ২০২৩ তারিখে সুরক্ষা সেবা বিভাগের যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা)-এর নেতৃত্বে বর্ণিত কর্মকর্তাবৃন্দ সকাল ১০:৩০ টায় কক্সবাজার জেলার মহেশখালী উপজেলায় মাতারবাড়ী তাপ বিদ্যুৎ কেন্দ্রের অফিসে উপস্থিত হন।



মাতারবাড়ি তাপ বিদ্যুৎ কেন্দ্রের 3D মডেল



সম্মেলন কক্ষে মাতারবাড়ী তাপ বিদ্যুৎ কেন্দ্রের কার্যক্রম সম্পর্কে মতবিনিময় সভা



সম্মেলন কক্ষে মাতারবাড়ী তাপ বিদ্যুৎ কেন্দ্রের কার্যক্রম সম্পর্কে ব্রিফিং



মাতারবাড়ি তাপ বিদ্যুৎ কেন্দ্রের উদ্ভাবনী কার্যক্রম পরিদর্শনে কর্মকর্তাগণ

মাতারবাড়ী তাপ বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী, জনাব মোঃ সাইফুর রহমান এবং সহকারী ব্যবস্থাপক, জনাব মোঃ বিপ্লব হোসেনসহ অন্যান্য কর্মকর্তার সাথে সম্মেলন কক্ষে মাতারবাড়ী তাপ বিদ্যুৎ কেন্দ্রের কার্যক্রম সম্পর্কে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।




কর্মকর্তাগণ কর্তৃক মাতারবাড়ি তাপ বিদ্যুৎ কেন্দ্রের উদ্ভাবনী কার্যক্রম পরিদর্শন



কর্মকর্তাগণ কর্তৃক মাতারবাড়ি তাপ বিদ্যুৎ কেন্দ্র পরিদর্শন শেষে প্রত্যাবর্তন


মাতারবাড়ী তাপ বিদ্যুৎ কেন্দ্রের প্রধান প্রকৌশলী, জনাব মোঃ সাইফুর রহমান পরিদর্শনকারী কর্মকর্তাদের অবহিত করেন যে, মাতারবাড়ী তাপ বিদ্যুৎ বর্তমান সরকারের সরকারের অগ্রাধিকারভুক্ত ফাস্ট ট্র্যাক প্রকল্প, যা বিদ্যুৎ বিভাগের আওতায় কোল পাওয়ার জেনারেশন কোম্পানি বাংলাদেশ লিমিটেড (সিপিজিসিবিএল) কর্তৃক বাস্তবায়িত হচ্ছে। পরবর্তীতে তিনি মাতারবাড়ী তাপ বিদ্যুৎ কেন্দ্রের ইতিহাস, ব্যবস্থাপনা পরিচালনা পরিষদ, রক্ষণাবেক্ষণ ব্যবস্থাপনা, কার্বন ইমিশনে চিমনি ব্যবস্থা, কয়লা সংগ্রহ ও মজুদ, পলি ও সমুদ্রের ঢেউ প্রতিরোধ ব্যবস্থা, কেন্দ্রীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা, নিরাপত্তা ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে প্রয়োগকৃত উদ্ভাবনী কার্যক্রম পাওয়ার পয়েন্টের মাধ্যমে বিস্তারিত উপস্থাপন করেন।



প্রকল্পের বিভিন্ন স্থাপনা




কয়লা এবং তেল আনলোডিং জেটি




বিদ্যুৎ কেন্দ্রের  কোল আনলোডার




জাহাজ থেকে কয়লা আহরণের যন্ত্রাংশ




কয়লা মজুদাগারে কয়লা স্থানান্তরের যন্ত্রাংশ



কয়লা মজুদাগারে রক্ষিত কয়লার স্তুপ




প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি




প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি

বর্ণিত মতবিনিময় সভা এবং উপস্থাপনার আলোকে পরিদর্শনকারী কর্মকর্তাবৃন্দ নিম্নলিখিত বিষয়ে অবহিত হন :

- ১৬০৮.৪৬ একর ভূমি অধিগ্রহণ ও পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন সম্পন্ন করা হয়েছে;
- পুনর্বাসন কার্যক্রমে মোবাইলে ব্যাংকিং এর মাধ্যমে আর্থিক কার্যক্রম সম্পন্ন করা হয়েছে;
- জাপানের তিনটি প্রতিষ্ঠানের একটি কনসোর্টিয়ামের সঙ্গে চুক্তি করে প্রকল্পটি বাস্তবায়ন করছে সিপিজিসিবিএল;
- মাতারবাড়ী ও ধলঘাটা ইউনিয়নের ১৬০৮.৪৬ একর জমিতে এই বিদ্যুৎ প্রকল্পটি নির্মাণ করা হচ্ছে;
- কয়লাভিত্তিক এ বিদ্যুৎকেন্দ্র নির্মাণ করা হচ্ছে আল্ট্রা সুপার ক্রিটিক্যাল প্রযুক্তিতে;
- ১৪.৩ কিলোমিটার দীর্ঘ, ৩৫০ মিটার প্রস্থ ও ১৮.৫ মিটার গভীর চ্যানেল, সি-ওয়াল, Revetment এবং 2.8 km Sediment Mitigation Dyke সহ আনুষঙ্গিক ফ্যাসিলিটিজ নির্মাণ করা হচ্ছে;
- প্রকল্পে ৬০০ মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন দুটি স্টিম টারবাইন, সার্কুলেটিং কুলিং ওয়াটার স্টেশন স্থাপন, ২৭৫ মিটার উচ্চতার চিমনি ও পানি শোধন ব্যবস্থা স্থাপন করা হচ্ছে;
- Deep Mixing Method (DMM) ও PVD-PHD পদ্ধতিতে সয়েল ইম্প্রুভমেন্ট করা হচ্ছে;
- কয়লা আমদানির জন্য নদীতে ৭ কিলোমিটার নৌ চ্যানেল করা হয়েছে। কয়লা ওঠানামার জন্য নির্মাণ করা হয়েছে জেটি। কয়লা আমদানির পর তা সংরক্ষণের জন্য বানানো হয়েছে কয়লা ইয়ার্ড (০৬ দিনের ধারণ ক্ষমতা)। পাশাপাশি নগর নির্মাণ, গ্রাম বিদ্যুতায়ন এবং পল্লী বিদ্যুতায়ন কাজের আওতায় চকোরিয়া-মাতারবাড়ী ১৩২ কেভি ট্রান্সমিশন লাইন নির্মাণ ও ১৩২/৩৩ কেভি ক্ষমতাসম্পন্ন একটি উপস্টেশন নির্মাণ কাজ চলামান রয়েছে;
- প্রকল্পটি পুরোদমে চালু হলে দৈনিক প্রায় ১০ হাজার মেট্রিক টন কয়লার প্রয়োজন হবে;
- ছাই নিষ্কাশন এলাকা এবং বাফার জোন (Treatment Plant) নির্মাণ করা হচ্ছে। পরিবেশ দূষণ রোধে অস্ট্রেলিয়া এবং ইন্দোনেশিয়া থেকে কয়লা আমদানির পরিকল্পনা করা হয়েছে;
- প্রকল্পের আওতায় ৪ হাজার ৭০০ কেজি স্ট্যান্ডার্ডে প্রয়োজনীয় পরিমাণ কয়লা আমদানি করা হবে। নাইট্রাস অক্সাইডের পরিমাণ রোধ করার জন্য লোরেট বার্নার স্থাপন করা হচ্ছে। সালফার-ডাই অক্সাইড রোধ করার জন্য সাগরের পানিতে ডি-সালফারাইজেশন পদ্ধতি ব্যবহার করা হবে। ছাই রোধ বা কমানোর জন্য ইলেকট্রোস্টেটিক প্রিসিপিটেটর এ কয়লা বিদ্যুৎকেন্দ্রে ব্যবহার করা হবে। এ বিদ্যুৎকেন্দ্রে সাব-বিটুমিনাস কয়লা ব্যবহার করা হবে। ৫৯ ফুট গভীর এ বন্দরে ৮০ হাজার টন ধারণ ক্ষমতার জাহাজ ভিড়তে পারে;
- মতবিনিময় সভার পর সরেজমিনে প্রকল্প এরিয়া পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে বাস্তবভিত্তিক উদ্ভাবনী চলমান কার্যক্রমসমূহ পর্যবেক্ষণ করা হয়। পরিদর্শনকালে সার্বিক নিরাপত্তা ব্যবস্থা কিছুটা দূর্বল মর্মে পরিলক্ষিত হয়।

**বিশেষ উদ্ভাবনী উদ্যোগ** : পরিদর্শনকৃত প্রতিষ্ঠানটি একটি বাস্তবায়নাধীন উন্নয়ন প্রকল্প হলেও এখানে প্রাতিষ্ঠানিক অভ্যন্তরীণ ও নাগরিকদের সাথে সম্পৃক্ত বিভিন্ন কার্যক্রমে উদ্ভাবনী উদ্যোগের প্রয়োগ লক্ষ্য করা যায়, যেমন:

১) বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের নিকটবর্তী পরিবেশ ও জনস্বাস্থ্য সুরক্ষায় অত্যাধুনিক (আল্ট্রাসুপার ক্রিটিকাল) প্রযুক্তির ব্যবহার;

২) অধিগ্রহণকৃত জমির ক্ষতিপূরণের টাকা প্রকল্প এলাকায় বিতরণের ক্ষেত্রে জেলা প্রশাসনের সাথে সমন্বয় সাধন;

৩) প্রকল্পের ভূমি ও ভূমি সংশ্লিষ্ট (কৃষক, বর্গা চাষী, মৌসুমী কৃষি শ্রমিক) ব্যক্তিদের বিকল্প পদ্ধতিতে ক্ষতিপূরণ বিতরণ;

৪) ক্ষতিপূরণ ও পুনর্বাসন ব্যয় নির্ধারণ ও পরিশোধে উদ্ভূত বিরোধ নিরসনে সংশ্লিষ্ট অংশীজনদের নিয়ে বিকল্প বিরোধ নিষ্পত্তি কমিটি গঠন।

**সার্বিক মন্তব্য :** মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দুরদর্শী নেতৃত্বে এবং তাঁর সরাসরি তদারকিতে বাংলাদেশের ফাস্ট ট্র্যাক প্রকল্পসমূহের মধ্যে কক্সবাজার জেলার মহেশখালি উপজেলায় মাতারবাড়ি আলট্রা সুপার ক্রিটিক্যাল কোল ফায়ার্ড পাওয়ার প্রকল্পটির ৬০০ মেগাওয়াট (১২০০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদনের) ক্ষমতাসম্পন্ন ইউনিটটির কমিশনিং চলছে। এ প্রকল্পের ক্যাচমেন্ট এরিয়াতে নির্মিত হচ্ছে মাতারবাড়ি বন্দর, এলএনজি টার্মিনাল, সেন্ট্রাল কনটেইনার টার্মিনাল, সিংগেল পয়েন্ট মুরিংসহ বিদ্যুৎ ও জ্বালানী খাতের একাধিক প্রকল্প। এসব প্রকল্প বাস্তবায়নের মাধ্যমে মহেশখালি আগামি দিনের বাংলাদেশের পাওয়ার হাবে পরিণত হবে। এ প্রকল্প বাস্তবায়নকালে উদ্ভাবনী প্রযুক্তি ও জনমুখী নাগরিক সেবাদান পদ্ধতি প্রকল্পসমূহের বাস্তবায়নকে সহজ ও সুষ্ঠু করে তুলতে সহায়তা করেছে যা এরূপ অন্যান্য বৃহৎ প্রকল্পে অনুসরণ করা যেতে পারে।

| | |
|---|---|
| ৩১/৫/২০২৩ | ই. চৌধুরী ৩১/০৫/২০২৩ |
| (মোঃ আমিন আল পারভেজ) | (ইসরাত চৌধুরী) |
| উপসচিব | অতিরিক্ত সচিব |
| ও | ও |
| সদস্য-সচিব | চিফ ইনোভেশন অফিসার |
| ইনোভেশন টিম | ইনোভেশন টিম |
| সুরক্ষা সেবা বিভাগ | সুরক্ষা সেবা বিভাগ |